

# বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন



শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।



মুজিববর্ষের দর্শন  
টেকসই শিল্পায়ন

ফোন: ৫৫০৩০০৫৪, ৫৫০৩০০৬৩, ৫৫০৩০০৭৬, ৫৫০৩০০৮০, ৫৫০৩০০৮৩, ৫৫০৩০০৯৩, ৫৫০৩০১১৩; হটলাইন: ১৬১১৯।

Fax: ৪৪-০২-৯১৩১৫৪১, E-mail: dg@bsti.gov.bd, bsti@bangla.net, Website: www.bsti.gov.bd

স্মারক নং: ৩৬.০৫.০০০০.০০৩.৪৭.০০৮.২৩ / ২৬৪

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ  
১২ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

স্বত্বাধিকারী

ফাতেমা ট্রেড ইন্টারন্যাশনাল


৬৭/২, শান্তিনগর, ঢাকা-১২১৭।

বিষয়: আমদানিকৃত পণ্যের অনুকূলে ছাড়পত্র ইস্যু না করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠান কর্তৃক বি/ই নং: সি ৫৬৮৪, তারিখ: ২৭.০২.২০২৩, এলসি নং: ০৮৯৯২২০১০৭৯৯, তারিখ: ২৭.১২.২০২২; ইনভয়েস নং: এফটি ০৪/২০২২ (আর), তারিখ: ০৫.০২.২০২৩ এর মাধ্যমে থাইল্যান্ড হতে নিট ৯.৯৯৮.৪০ কেজি পরিমাণ খাদ্য ও কসমেটিকস পণ্য (যথা: ক্যান্ডি, চকলেট, ফ্রুট জুস, বেবি সোপ, বেবি লোশন, বেবি পাউডার, বেবি অয়েল, ইত্যাদি) আমদানি করা হয়। আমদানি নীতি আদেশ ২০২১-২৪ অনুযায়ী বর্ণিত পণ্যসমূহ দেশে প্রবেশের ক্ষেত্রে কাস্টমস কর্তৃপক্ষের চূড়ান্ত শুল্কায়নের পূর্বে বিএসটিআই হতে সংশ্লিষ্ট বাংলাদেশ মান অনুযায়ী পরীক্ষণপূর্বক ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে।

এ প্রেক্ষিতে আপনি গত ২৭.০২.২০২৩ খ্রিঃ তারিখে উক্ত পণ্যসমূহের অনুকূলে ছাড়পত্র গ্রহণের নিমিত্ত আবেদন করেন। কিন্তু আবেদনপত্রের সাথে আইআরসি, হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র, কাস্টমস কর্তৃপক্ষের স্বাক্ষরিত এক্সামিনেশন রিপোর্ট, পণ্য মোড়কজাতকরণ বিধিমালা, ২০২১ অনুযায়ী প্রয়োজনীয় নমুনা স্টিকার সংযুক্ত পাওয়া যায়নি। তথাপি ‘কাস্টমস গোডাউন/ওয়ারহাউজ পরিদর্শনকালে উক্ত কাগজপত্রাদি সরবরাহ করা হবে’- আপনার প্রতিনিধির এরূপ মৌখিক আশ্বাসের প্রেক্ষিতে গত ০১.০৩.২০২৩ তারিখে বিএসটিআই’র একজন উপযুক্ত কর্মকর্তা কাস্টমস হাউজ, আইসিডি কমলাপুর, ঢাকাস্থিত অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল পরিদর্শনকালে আপনার প্রতিনিধি উক্ত কর্মকর্তাকে গোডাউন/কন্টেইনার খুলে পণ্য দেখাতে অপারগতা প্রকাশ করেন এবং “কাস্টমস কর্তৃপক্ষের এক্সামিনেশন রিপোর্ট এখনো হাতে পাননি এবং আরো ৩-৪ দিন পর পেতে পারেন”- মর্মে অবহিত করেন। কিন্তু বেশ কয়েকদিন অতিবাহিত হলেও আপনার প্রতিষ্ঠান হতে অদ্যাবধি এক্সামিনেশন রিপোর্টসহ বর্ণিত কাগজপত্রসমূহ জমাদান করা হয়নি। ফলে নমুনা সিলকরণ কার্যক্রমসহ বিএসটিআই হতে ছাড়পত্র প্রদান বিলম্বিত হচ্ছে।

এমতাবস্থায়, বর্ণিত চালানের মাধ্যমে আমদানিকৃত উক্ত খাদ্য ও কসমেটিকস পণ্যের অনুকূলে বিএসটিআই’র ছাড়পত্র প্রদান কার্যক্রম হ্রাসিত করার জন্য জরুরিভিত্তিতে প্রয়োজনীয় কাগজপত্রাদি ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বিএসটিআই, ঢাকাতে জমাদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, বিএসটিআই হতে ছাড়পত্র গ্রহণ ব্যতিত বর্ণিত কনসাইনমেন্টের মাধ্যমে আমদানিকৃত “খাদ্য ও কসমেটিকস পণ্য” বিক্রয়-বিতরণ ও বানিজ্যিক বিজ্ঞাপন প্রচার “বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮” অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

  
২৩/০৩/২০২৩  
(মোহাম্মদ আরাফাত হোসেন সরকার)  
সহকারী পরিচালক (সিএম)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১। কমিশনার অব কাস্টমস, আইসিডি কমলাপুর, ঢাকা।

২। অফিস কপি/ফাইল কপি।